# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৩৫১

১/ বিবিধ

আরবী

يا علي أنت أخي في الدنيا والآخرة
موضوع

أخرجه الترمذي (4 / 328) وابن عدي (59 / 1، 69 / 1) والحاكم (3 / 14) من طريق حكيم بن جبير عن جميع بن عمير عن ابن عمر قال: لما ورد رسول الله صلى الله عليه وسلم المدينة آخى بين أصحابه، فجاء علي رضي الله عنه تدمع عيناه فقال: يا رسول الله آخيت بين أصحابك، ولم تواخ بيني وبين أحد، فقال رسول الله صلى الله عليه وسلم: ... الحديث، وقال الترمذي: هذا حديث حسن غريب، وتعقبه الشارح المباركفوري فقال: حكيم بن جبير ضعيف، ورمي بالتشيع
قلت: تعصيب الجناية برأس حكيم هذا وحده ليس من الإنصاف في شيء وذلك لأمرين
الأول: أن شيخه جميع بن عمير متهم، قال الذهبي: قال ابن حبان: رافضي يضع الحديث، وقال ابن نمير: كان من أكذب الناس، ثم ساق له هذا الحديث
الآخر: أن ابن جبير لم يتفرد به عن جميع، فقد تابعه سالم بن أبي حفصة وهو ثقة، لكن في الطريق إليه إسحاق بن بشر الكاهلي وقد كذبه ابن أبي شيبة، وموسى بن هارون، وقال الدارقطني: هو في عداد من يضع الحديث، أخرجه من طريقه الحاكم أيضا، فتعقبه الذهبي بقوله: قلت: جميع اتهم، والكاهلي هالك، وتابعه أيضا كثير النواء، رواه ابن عدي، فآفة الحديث جميع هذا، وقد قال ابن عدي: وعامة ما يرويه لا

يتابعه غيره عليه، ولهذا قال شيخ الإسلام ابن تيمية: وحديث مواخاة النبي صلى الله عليه وسلم لعلي من الأكاذيب، وأقره الحافظ الذهبي في " مختصر منهاج السنة " (ص 317)

বাংলা

৩৫১। হে আলী! তুমি দুনিয়া এবং আখেরাতে আমার ভাই।

হাদীসটি জাল।

এটি তিরমিয়ী (৪/৩২৮), ইবনু আদী (১/৫৯, ১/৬৯) এবং হাকিম (৩/১৪) হাকীম ইবনু যুবায়র সূত্রে জামী’ ইবন উমায়র হতে ... বর্ণনা করেছেন। তিরমিযী বলেনঃ হাদীসটি হাসান গারীব। মুবারাকপুরী তার সমালোচনা করে বলেছেনঃ হাকীম ইবনু যুবায়ের দুর্বল, তাকে শীয়া মতাবলম্বী দোষে দোষী করা হয়েছে।

আমি (আলবানী) বলছিঃ দুটি কারণে শুধুমাত্র হাকীমকে দোষ দেয়াটা ইনসাফের কাজ হবে নাঃ

১। তার শাইখ জামী ইবনু উমায়ের মিথ্যার দোষে দোষী; যাহাবী তার সম্পর্কে বলেনঃ ইবনু হিব্বান বলেছেনঃ তিনি রাফেয়ী, হাদীস জালকারী। ইবনু নুমায়ের বলেছেনঃ তিনি লোকদের মধ্যে সর্বাপেক্ষা বড় মিথ্যুক ছিলেন। অতঃপর তিনি তার এ হাদীসটি উল্লেখ করেছেন।

২। হাকীম ইবনু যুবায়ের এককভাবে বর্ণনা করেননি, সালেম ইবনু আবী হাফসা তার মুতাবা’আত করেছেন, তিনি নির্ভরযোগ্য। কিন্তু তার এ সনদে আরেক বর্ণনাকারী ইসহাক ইবনু বিশ্বর আল-কাহেলী রয়েছেন; তাকে ইবনু আবী শায়বা এবং মূসা ইবনু হারূণ মিথ্যুক আখ্যা দিয়েছেন।

দারাকুতনী তার সম্পর্কে বলেনঃ যারা হাদীস জাল করেছেন, তিনি তাদের একজন। তার এ সূত্রে হাকিমও বর্ণনা করেছেন। যাহাবী তার সমালোচনা করে বলেছেনঃ জামী মিথ্যার দোষে দোষী এবং কাহেলী হালেক।

ইবনু আদী বলেনঃ এ হাদীসটির সমস্যা হচ্ছে এ জামী’; তিনি যা কিছু বর্ণনা করেছেন অন্যরা তার মুতাবা’আত করেননি। এজন্য ইবনু তাইমিয়া বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক আলীর সাথে ভাইয়ের সম্বন্ধ সম্পর্কিত হাদীস মিথ্যার অন্তর্ভুক্ত। তাঁর এ বক্তব্য যাহাবী "মুখতাসারু মিনহাজিস সুন্নাহ" গ্রন্থে সমর্থন করেছেন (পৃ. ৩১৭)।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=67936

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন